তারিখ 11 JAN 2016 ... কলাম ... ৬

প্রথম আলো

# ভিকারুননিসার ছাত্রী অপহরণের অভিযোগ

**নিজস্ব প্রতিবেদক ●**

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুলের অষ্টম শ্রেণির এক ছাত্রীকে অপহরণের অভিযোগে শনিবার রাতে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে ভাটারা থানার পুলিশ।

১৪ বছরের মেয়েটিকে গতকাল রোববার বিকেলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস (ওসিসি) সেন্টারে ভর্তি করা হয়। পুলিশ বলছে, কিশোরী মেয়েটি এর আগে বাড়ি থেকে পালিয়েছিল।

গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা হলেন জাহাঙ্গীর আলম ও তাঁর ভগ্নিপতি মো. ইয়াসিন।

পুলিশ জানায়, গত বৃহস্পতিবার রাজধানীর ভাটারার বাসা থেকে ওই ছাত্রীকে জাহাঙ্গীর অপহরণ করেন। এতে সহায়তা করেন মো. ইয়াসিন। মেয়েটির বাবা থানার পুলিশ ও ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের কাছে (ডিবি) অভিযোগ করেন। এরপরই ডিবি পুলিশ তাকে উদ্ধারে অভিযান শুরু করে। শনিবার রাত ১০টার দিকে গাজীপুরের শ্রীপুর এলাকা থেকে মেয়েটিকে উদ্ধার করা হয়। ওই সময় জাহাঙ্গীর ও ইয়াসিনকে গ্রেপ্তার করা হয়।

**গত বৃহস্পতিবার রাজধানীর ভাটারার বাসা থেকে ওই ছাত্রীকে জাহাঙ্গীর অপহরণ করেন। এতে সহায়তা করেন মো. ইয়াসিন**

ভাটারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নুরুল মুত্তাকিন বলেন, ওই ঘটনায় মেয়েটির বাবা ভাটারা থানায় একটি অপহরণ মামলা করেছেন।

ভাটারা থানার উপপরিদর্শক (এসআই) আবদুল ওয়ারেস গতকাল বেলা তিনটার দিকে অপহরণের শিকার মেয়েটিকে নিয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আসেন। এসআই ওয়ারেস বলেন, গ্রেপ্তারের পর জাহাঙ্গীর দাবি করেছে, মেয়েটি নিজের ইচ্ছাতেই তাঁর সঙ্গে চলে গিয়েছিল। মেয়ের পরিবারের সঙ্গে তাঁদের পারিবারিক সম্পর্কও রয়েছে।

এসআই ওয়ারেস বলেন, জাহাঙ্গীরের কথা পুরোপুরি বিশ্বাস করা হচ্ছে না। তা ছাড়া উদ্ধারের পর মেয়েটি অসুস্থ হয়ে পড়েছে। সুস্থ হলে এ বিষয়ে তার কাছ থেকে বিস্তারিত জানা যাবে।